

**আর-রাহা হাসপাতাল এন্ড ডায়াগনস্টিক লিঃ**  
হজ ক্যাম্প এরিয়া, আশিয়ান সিটি রোড, ঢাকা।

## বিশ্ব মা দিবস উপলক্ষ্যে চেয়ারম্যানের বার্তা

বিশ্ব মা দিবস উপলক্ষ্যে আর-রাহা পরিবারের সকলকে জানাই আন্তরিক শুভেচ্ছা ও সাদর অভিবাদন। আজকের এই মর্যাদাপূর্ণ বিশেষ দিনে, আমি আমাদের প্রতিষ্ঠানের সকলের পক্ষ থেকে আপনাদের সবাইকে আন্তরিক শুভেচ্ছা জানাই। আমরা নিজেকে অত্যন্ত গর্বিত ও সম্মানিত বোধ করছি এক অসাধারণ গভীর মানবিক উপলক্ষ্যে, “মা দিবস”। মা হচ্ছে আমাদের সকলের হৃদয়ের গভীরতম আবেগ, নির্ভেজাল আন্তরিক ভালোবাসা এবং নিঃস্বার্থ সেবার এক অনুপম প্রতীক।

‘মা’ শব্দটি কেবল একটি পারিবারিক সম্পর্ক নয়, এটি জীবনের মূল সুর, সৃষ্টির প্রেরণা এবং মানবতাবোধের সর্বোচ্চ দৃষ্টান্ত স্বরূপ। পৃথিবীর প্রতিটি মা তাঁর নিঃস্বার্থ ভালোবাসা, অপরিমিত সহিষ্ণুতা এবং অবিচল কর্তব্যপরায়ণতার মাধ্যমে আমাদের ব্যক্তিগত ও সামাজিক জীবনে যে ভূমিকা পালন করেন, তা অবর্ণনীয়।

এই দিনে আমরা শ্রদ্ধা জানাতে চাই তাঁদের, যাঁরা আমাদের মাঝে মায়ের ভূমিকায় উপস্থিত, এবং রোগী হিসেবে আজ আর-রাহা হাসপাতালে চিকিৎসারত, তাঁদের প্রতি আমরা নিবেদন করি আমাদের গভীর শ্রদ্ধা ও সহানুভূতি। আপনারা শুধু রোগী নন, আপনারা সাহস ও সহনশীলতার প্রতিচ্ছবি। আপনাদের দৃঢ়তা ও মনোবল আমাদের প্রতিনিয়ত উদ্বুদ্ধ করে। আমাদের সেবাদানকারী দল কনসালট্যান্ট, চিকিৎসক, নার্স, সহকারী ও প্রশাসনিক স্টাফ যাঁরা মমতাময়ী মাতৃত্বের পাশাপাশি পেশাগত দায়িত্বসহ দ্বৈত ভূমিকা নিষ্ঠার সঙ্গে পালন করছেন, তাঁদের প্রতি রইল আমাদের অন্তরের কৃতজ্ঞতা ও সম্মান। আপনাদের কর্মনিষ্ঠা ও মাতৃত্ববোধ নিঃসন্দেহে এক অসাধারণ কৃতিত্ব এবং এই প্রতিষ্ঠানের সহানুভূতিশীল পরিবেশের মূর্ত প্রতীক।

আজকের এই দিনে, আমাদের কৃতজ্ঞতা জানাতে হয়তো আমরা আমাদের আর্থিক ক্ষমতা সীমিত আয়ের বেড়াজালে আটকে থাকা ইচ্ছার কারণে আপনাদের জন্য একটি কোমল বাক্য, কিংবা একটি আন্তরিক হাসি ছাড়া আর বেশি কিছু উপহার হিসেবে দিতে পারছি না। তবে এই সরল মনের গভীর আকুতি উপস্থাপনার অন্তরালে নিহিত রয়েছে গভীরতম শ্রদ্ধা ও অকৃত্রিম ভালোবাসা, যা কোনো অলংকারযুক্ত শব্দমালায় সম্পূর্ণরূপে প্রকাশ করা কোনভাবেই সম্ভব নয়।

আর-রাহা হাসপাতালের স্বাস্থ্যসেবায় নিয়োজিত প্রতিটি মায়ের প্রতি জানাই অন্তর থেকে উৎসারিত শ্রদ্ধা ও শুভকামনা। আপনি যেখানে যে অবস্থানেই থাকুন না কেন, আজকের দিনটি যেন আপনাকে আপনার অবদানের জন্য ব্যক্তিগতভাবে জানাই পরম শ্রদ্ধা ও ভালোবাসার পরিপূর্ণ অনুভূতি। মাতৃত্ব কোনো একদিনের উপলক্ষ্য নয়, এটি এক আজীবন উৎসব, যা প্রতিদিন আমাদের হৃদয়ে প্রতিধ্বনিত হয়। পরিশেষে সকল মা’দেরকে জানাই গভীর কৃতজ্ঞতা ও হৃদয়ের অন্তঃস্থল থেকে আন্তরিক ধন্যবাদ ও শুভেচ্ছা।



**মেজর জেনারেল মোহাঃ আব্দুর রাজ্জাক (অবঃ)**

চেয়ারম্যান,

আর-রাহা হাসপাতাল এন্ড ডায়াগনস্টিক লিঃ